

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২  
শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):**

- ১.০ প্রকল্পের নাম : পদ্মা বহুমুখী সেতু নির্মাণ (২য় সংশোধিত)
- ২.০ বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৩.০ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সেতু বিভাগ।
- ৪.০ প্রকল্পের অবস্থান : মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলা, শরীয়তপুর জেলার জাজিরা  
এবং মাদারীপুর জেলার শিবচর উপজেলা।
- ৫.০ প্রকল্পের অনুমোদিত ব্যয় : ৩০১৯৩৩৮.৭৬ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি অর্থায়নে)
- ৬.০ প্রকল্পের বাস্তবায়নকাল : জানুয়ারি ২০০৯ হতে ডিসেম্বর ২০১৯

৭.০ **প্রকল্পের পটভূমিঃ** প্রমত্তা পদ্মা নদীর কারণে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২৯টি জেলা রাজধানী ঢাকা থেকে বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য অঞ্চলের সাথে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সরাসরি সড়ক ও রেল যোগাযোগ স্থাপনের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়। পদ্মা নদীর উপর মাওয়া-জাজিরা প্রান্তে ৬.১৫ কি:মি: দৈর্ঘ্যের রোড-কাম-রেল সেতু নির্মাণ করা প্রকল্পটির মূল উদ্দেশ্য। এটি এশিয়ান ডাইওয়ে রুট AH-1 এর অংশ হবে এবং এর ফলে দেশের ১.২৩% জিডিপি বৃদ্ধি পাবে। সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নাত্মক এ প্রকল্পটি সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ বৃহৎ অবকাঠামো উন্নয়ন প্রকল্প। ঢাকা থেকে প্রায় ৪০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে মুন্সিগঞ্জের মাওয়া এবং মাদারীপুরের জাজিরা পয়েন্টে পদ্মা নদীর উপর এ সেতুটি নির্মাণের নিমিত্ত নির্মিত প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়।

৮.০ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- প্রকল্পটির প্রধান উদ্দেশ্য পদ্মা নদীর উপর মাওয়া হতে জাজিরা পর্যন্ত সড়ক-রেল সেতু নির্মাণ করা;
- মাওয়া-জাজিরাতে ৬.১৫ কিলোমিটার দীর্ঘ প্রস্তাবিত পদ্মা সেতু দক্ষিণ-পশ্চিমাঞ্চলসহ দেশের অন্যান্য অঞ্চলের মধ্যে সড়ক ও রেল যোগাযোগ শক্তিশালী করবে;
- সেতুটি দক্ষিণ-পশ্চিম অঞ্চলের সাথে ঢাকার প্রধান পয়েন্টগুলির মধ্যে মালবাহী ও যাত্রী পরিবহন ব্যবস্থার উন্নয়ন সাধন করবে এবং দক্ষিণ-পশ্চিম অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নের পাশাপাশি জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখবে;

## ৯.০ প্রকল্পের মূল প্রধান প্রধান কার্যক্রম:

- ভূমি অধিগ্রহণ-২৬৯৩ হেক্টর
- মূল সেতু নির্মাণ- ৬.১৫ কি:মি:
- নদীশাসন-১৩.১ কি:মি:
- পরামর্শক সেবা
  - ক) সংযোগ সড়ক ও সার্ভিস এরিয়া নির্মাণ এর জন্য ৯২২২ জনমাস
  - খ) মূল সেতু ও নদী শাসন কাজের জন্য ৪১৪৪ জনমাস
- সংযোগ সড়ক নির্মাণ- ১২ কি:মি
- অন্যান্য অবকাঠামো (টোল প্লাজা, সার্ভিস এরিয়া, আন্ডারপাস ও ওভারপাস নির্মাণ, অফিস ভবন, ইত্যাদি)
- যানবাহন ক্রয় (২৫টি জীপ, ০৩ টি মাইক্রোবাস, ০১ টি পিকআপ, ১৫ টি মোটরসাইকেল, ০২ টি স্প্রীড বোর্ড)

## ১০.০ পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ

- ১০.১ প্রকল্পের ১০০% এলাকা নিবিড় পরিবীক্ষণের আওতাভুক্ত হিসেবে বিবেচনা করতে হবে;
- ১০.২ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন ও সংশোধনের অবস্থা, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অর্থায়নসহ সকল প্রাসংগিক তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ১০.৩ প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা, বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ১০.৪ প্রকল্প উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা এবং প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে আউটপুট অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ। এছাড়া প্রকল্প ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান করা;
- ১০.৫ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিএ/পিপিআর ইত্যাদি) প্রাতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্ছনীয়; ডিপিপি/আরডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙা হয়েছে কিনা, ভাঙা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);
- ১০.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১০.৭ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ পদ্ধতি, যানবাহন ক্রয়/ক্রয় পদ্ধতি, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১০.৮ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ ও মতামত প্রদান;
- ১০.৯ নিরাপদ সড়ক যোগাযোগ নিশ্চিতকরণ, আন্তঃআঞ্চলিক যোগাযোগ বৃদ্ধি, অর্থনৈতিক উন্নয়ন ও আঞ্চলিক বৈষম্য হ্রাসে প্রকল্পটি সহায়ক হবে কি-না এ বিষয়ে মতামত প্রদান। সেতুটির মাধ্যমে নদীর দুই পাড়ের মধ্যে নিরবিচ্ছিন্নভাবে যানবাহন চলাচল বৃদ্ধিপূর্বক সড়ক পরিবহন/মহাসড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে প্রকল্পটির ভূমিকা নির্ণয়;

- ১০.১০ প্রকল্প সমাপ্তির পর নির্মিত সেতুসহ অন্যান্য অবকাঠামো টেকসইকরণ পরিকল্পনা (Sustainability plan) বিষয়ে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও মতামত প্রদান;
- ১০.১১ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থায়নে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ১০.১২ প্রকল্পের SWOT বিশ্লেষণ; এক্ষেত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দুর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দুর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন। প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- ১০.১৩ প্রকৌশলগত দিক থেকে মূল সেতুসহ অন্যান্য অবকাঠামোর life time/Design life এর যথাযথ মূল্যায়ন;
- ১০.১৪ প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের সুনির্দিষ্ট (সময়ভিত্তিক) কর্মপরিকল্পনা ও কর্মপদ্ধতি কারিগরি প্রস্তাবের সাথে সংযোজন করতে হবে;
- ১০.১৫ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি; (i) প্রকল্প এলাকা থেকে সংগ্রহীত তথ্য, Focus Group Discussion (FGD) ও স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে মতামত গ্রহণের ভিত্তিতে এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের এ সংক্রান্ত পরিপত্র বর্ণিত প্রতিবেদন প্রণয়নের নমুনা কাঠামো অনুযায়ী প্রতিবেদন প্রণয়ন; (ii) জাতীয় পর্যায়ে একটি কর্মশালা আয়োজন করে নিবিড় পরিবীক্ষণের ফলাফলসমূহ অবহিতকরণ ও কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহ বিবেচনা করে প্রতিবেদন চূড়ান্তকরণ;
- ১০.১৬ পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে চার মাসের (১২০ দিন) মধ্যে সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চূড়ান্ত করবে;
- ১০.১৭ আইএমইডি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অন্যান্য বিষয়াবলী পরামর্শক প্রতিষ্ঠান প্রতিপালন করবে।

#### ১১.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	ফার্ম	-	<ul style="list-style-type: none"> <li>গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা;</li> </ul>
২)	ক) টিম লিডার-	সিভিল ইঞ্জিনিয়ারিং - এ স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	<ul style="list-style-type: none"> <li>সেতুসহ সড়ক নির্মাণ কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা ;</li> <li>টিম লিডার হিসাবে ০৩ (তিন) বছর অথবা ডেপুটি টিম লিডার হিসাবে ০৫ (পাঁচ) বছর অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা।</li> <li>পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট-২০০৬ (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ -এর বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে;</li> <li>কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং</li> <li>প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে;</li> </ul>

ক্র: নং	ফর্ম ও ফার্মের	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনতম স্নাতক ডিগ্রি।	<ul style="list-style-type: none"> <li>সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;</li> <li>সেতুসহ সড়ক নির্মাণ কাজে ন্যূনতম ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা</li> </ul>
	গ) সেতু ও সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ	ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	<ul style="list-style-type: none"> <li>সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ;</li> <li>সেতুসহ সড়ক নির্মাণ কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> </ul>
	ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	অর্থনীতি/সমাজবিজ্ঞান/পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	<ul style="list-style-type: none"> <li>আর্থ-সামাজিক গবেষণা ও নিবিড় পরিবিক্ষণ/প্রভাব মূল্যায়নের কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;</li> <li>মাঠ পর্যায়ে সমীক্ষা পরিচালনায় Statistical Software Package পরিচালনায় দক্ষতা;</li> </ul>

### ১২.০ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১.	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	৪০ (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি
২.	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	৪০ (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি
৩.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	১২০ কপি (জাতীয় কর্মশালা)
৪.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায় ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৪০ (টেকনিক্যাল ২০ + স্টিয়ারিং ২০) কপি
৫.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	৬০ (বাংলা ৪০+ইংরেজী ২০)=৬০ টি

\* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font হতে হবে।

### ১৩.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পরিদর্শন প্রতিবেদন); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

(মুহাম্মদ মিজানুর রহমান মিয়া)

সহকারী পরিচালক